

এ মোহন দৃশ্যে চেয়ে, বাহ্যজ্ঞান হারা হ'য়ে,
 রামচাঁদ জগত ডুলিল।
 কেবা ভাই হরিচাঁদ, এ যে স্কীরোদের চাঁদ,
 জীব তরাইতে ভবে এল।।
 নয়নের জলে তার, বহে প্রেমের জোয়ার,
 জ্ঞানহারা পড়ে ভূমিতলে।
 দয়াময় হরিচাঁদ, “বলে দাদা রামচাঁদ,
 কি ব্যাধিতে ভূমে পড়ি গেলে?
 হস্ত ধরি তুলে তারে, ‘বলে ফিরে যাই ঘরে,
 যাহা দেখ কাঁহা না বলিও।
 কেন্দে বলে রামচাঁদ, “পূর্ণব্রহ্ম হরিচাঁদ,
 এইভাবে আর না ছলিও।।
 এতকাল মনে করি, তুমি বটে শক্তিশারী,
 সাধক সন্ন্যাসী কেহ হবে!
 আজ ভেঙ্গে গেল ভুল, নিশ্চয়ই করিনু স্থূল,
 মুলাধার তুমি এই ভবে।।
 এতদিন চিনি নাই, তব তত্ত্ব জানি নাই,
 অন্ধকারে শুধু ঘোরাঘুরি।
 আর কি ভুলাতে পার? নহ তুমি ক্ষুদ্র নর,
 সত্য বটে তুমি পূর্ণ হরি।।
 রামচাঁদ করে স্তুতি, প্রীত কমলার পতি,
 কমল-ভূষণ পদ যার।
 জীবে নিরুপায় দেখি, উদয় কমল আঁখি,
 বিশ্বজীবে করিতে উদ্ধার।।



মাতায় মাতায় কথার ফলে

জমিদারী ধ্বংস

ঠাকুরের ঠাকুরালী হ'তেছে প্রকাশ।
 তিন ভাই করেছেন ওড়াকান্দী বাস।।
 প্রভু মাতা অন্নপূর্ণা মাতা ঠাকুরালী।
 জ্যেষ্ঠপুত্র কৃষ্ণদাস সাধু শিরোমণি।।

তাহার ভক্তিতে বাধ্য হইলেন মাতা।
 শ্রীকৃষ্ণের প্রতি তার হইল মমতা।।
 ক্রমে সবে পৃথক হইয়া করে বাস।
 অন্নপূর্ণা মাকে সেবা করে কৃষ্ণদাস।।
 কৃষ্ণদাস একান্তে র'য়েছে অন্নপূর্ণা।
 এ দিকেতে জমিদার ক'রেছে ভাবনা।।
 পাবর্বতীচরণ মফঃস্বলে আসে যায়।
 কখন সফলাডাঙ্গায় কাছারীতে রয়।।
 ঠাকুরের ঠাকুরত্ব প্রকাশ জানিয়া।
 পাবর্বতী কহেন সূর্যমণি স্থানে গিয়া।।
 “বড়কর্ত্তা শুন বার্তা কহি মূল সূত্র।
 বড় ঠাকুরালী করে যশোবন্ত-পুত্র।।
 কার্য দেখে জ্ঞান হয় স্বয়ং অবতার।
 ‘বার’ কি ‘আশ্রয়’ তাঁর নীলা বুঝা ভার।।
 মুখের কথায় মহাব্যাধি দূর হয়।
 কত লোক সারিতেছে বলা নাহি যায়।।
 পালাক্রান্ত রোগাক্রান্ত লোক যত ছিল।
 হরিনামে পাপ তাপ রোগ বিনাশিল।।
 নন্দসূত মিশ্রপুত্র হ'ল নদীয়ায়।
 তেমতি হয়েছে যশোবন্তের তনয়।।
 স্বপ্নে শুনি রামকান্ত দিয়াছিল বর।
 যশোবন্ত-পুত্র হ'বে বাসুদেবেশ্বর।।
 অনুরাগী সাধু রামকান্ত মহাভাগ।
 শালথামে প্রণামিলে হ'ত অষ্ট'ভাগ।।
 কার্য দেখে বিশ্বাস হ'তেছে মোর তাই।
 করেছি অধর্ম দাদা আর রক্ষা নাই।।
 ওড়াকান্দী বসতি ক'রেছে তিন ভাই।
 শ্রীচৈতন্য, নিত্যানন্দ, অদ্বৈত গোঁসাই।।
 দাদা গো এমন প্রজা গিয়াছে ছাড়িয়া।
 অপযশ হইয়াছে জগৎ জুড়িয়া।।
 অধর্ম হ'য়েছে বড় নষ্ট পরকাল।
 পাপের নাহিক সীমা ভেঙ্গেছে কপাল।।